

প্রথম আলো

রোববার, ১৩ অক্টোবর ২০১৯, ২৮ আশ্বিন ১৪২৬

গাজীপুর কর্মশালা

গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা গতকাল শনিবার সকালে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন কৃষিমন্ত্রী মো. আব্দুর রাজ্জাক। মন্ত্রী বলেন, 'এ দেশের গ্রামের ৬০ থেকে ৭০ ভাগ মানুষ কোনো না কোনোভাবে কৃষির ওপর নির্ভরশীল। তাই তাদের ভাগ্যের উন্নয়ন ঘটাতে হবে। আমাদের আগে চ্যালেঞ্জ ছিল দানাদার খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া। এখন চ্যালেঞ্জ হচ্ছে পুষ্টিজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা।' বারির মহাপরিচালক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আব্দুল মান্নান, কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. নাসিরুজ্জামান, গাজীপুর জেলা প্রশাসক এস এম তরিকুল ইসলাম। অনুষ্ঠানে বিশিষ্ট বিজ্ঞানী হিসেবে উপস্থিত ছিলেন বারির প্রতিষ্ঠাতা পরিচালক ও ইমেরিটাস সায়েন্টিস্ট কাজী এম বদরুদ্দোজা।

প্রতিনিধি, গাজীপুর

